Rs. 25000 Rs. 25000 Rs. 25000 Rs. 25000 Rs. 25000

RUPEES 25000 रुपये

भारतीय गैर न्यायिक

INDIA NON JUDICIAL

RUPEES 25000 रुपये

सत्यमेव जयते

पच्चीस हज़ार रुपये

RS. TWENTY FIVE THOUSAND

00DD 026636

ওঁ মা তারা :-

*************

Additional District Sub-Registrar, Howrah

ANAND INDUSTRIES

ANAND INDUSTRIES

সাফ বিক্রয় কোবালা

বিক্রীত সম্পত্তির মূল্য কোং তিন লক্ষ তের হাজার দুইশত পঞ্চাশ) টাকা মাত্র।

থানা- লিলুয়া, জেলা- হাওড়া।

********************************

ক্রেতা :- শ্রীমতী ময়ূরাক্ষী জানা, স্বামী শ্রী সুকুমার চন্দ্র জানা,
******
জাতি- হিন্দু, পেশা- গৃহকার্য্য, সাং- ২১।১০।১, জি.টি. রোড (নর্থ), ঘুসুড়ী, থানা- মালিপাঁচঘড়া, জেলা- হাওড়া।

বিক্রেতা :- '' মেসার্স আনন্দ ইন্ডাস্ট্রীস '' ফার্মের পক্ষে পার্টনারগণ -
********
(১) শ্রী কানাইয়া লাল খৈতান, পিতা স্বর্গীয় গঙ্গা প্রসাদ খৈতান,

ও (২) শ্রীমতী রমা দেবী খৈতান, স্বামী স্বর্গীয় হরিরাম খৈতান,

পর পৃষ্ঠা-( ২ )

15870-72

Port: Mayurakshi Jama ... G.T. Road ... Howrah

201/10/11, 3 pcs, 28500/-

21/8/98

Kanhaiyalal Khaitan

Kanhaiya Lal Khaitan

1) Kanhaiya Lal Khaitan ... Gangaprasad Khaitan

Additional District
Sub-Registrar, Howrah

5894

2) Rama Devi Khaitan
w/o Hariram Khaitan
2 Kundan Bazar Lane
Lilluah
Hindu
Business, both partners for Ananda Ind...

ANAND INDUSTRIES

Kanhaiya Lal Khaitan

Partner

5895

Om Prakash Khaitan
s/o Lt Hariram Khaitan
218 Todi Chamber
2 Lal Bazar St.
Cal-1
Hindu
Business

ANAND INDUSTRIES

रमादेवी खेतान

Partner

Om Prakash Khaitan

Additional District
Sub-Registrar, Howrah

3000Rs.

INDIA NON JUDICIAL

३000 रु.

Rs 3000

सत्यमेव जयते

भारत

तीन हज़ार रुपये THREE THOUSAND RUPEES

For ANAND INDUSTRIES
Partner

For ANAND INDUSTRIES
Partner

( ২ )

সর্ব্ব জাতি- হিন্দু, সর্ব্ব পেশা- ব্যবসা, সর্ব্ব সাং-
২ নং কুন্দন বাই লেন, লিলুয়া, থানা- লিলুয়া,
জেলা- হাওড়া।

কস্য শুভ সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে।

জেলা হাওড়া, ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রী অফিস ও এ্যাডিসন্যাল ডিষ্ট্রিক্ট সাব-রেজিষ্ট্রী অফিস হাওড়া, থানা সাবেক বালি, হাল থানা লিলুয়ার অধীন বালি মিউনিসিপ্যাল এলাকাধীন ২২ নং ওয়ার্ডে অবস্থিত সাবেক ১০।২ নং ১০ নং ও ১০।১ নং গুহ পার্ক হোল্ডিংভুক্ত বর্তমানে ১২ নং ২২ নং গুহ পার্ক হোল্ডিংভুক্ত যাহা মৌজা লিলুয়া গ্রামে জে. এল. ভুক্ত রিভিসন্যাল সেটেলমেন্টের ৩৭৪ ( তিন শত চুয়াত্তর) নং

প্রদীপ

পর পৃষ্ঠা-( ৩ )

পর পৃষ্ঠা-( ৫ )

500Rs.

INDIA NON JUDICIAL

५००रु.

Rs 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये FIVE HUNDRED RUPEES

for ANAND INDUSTRIES

for ANAND INDUSTRIES



খতিয়ানে, ১৭৯০ ( এক হাজার সাত শত নব্বই ) নং দাগে, হাল সেটেলমেন্ট উল্লিখিত পি-৪৭৮৮ ( চার হাজার সাত শত অষ্টাশি ) নং খতিয়ানে লিখিত ১৭৯০ ( এক হাজার সাত শত নব্বই ) নং দাগে কমিবেশী ১৯ ( উনিশ ) শতক বা ১১ ( এগার ) কাঠা ৯ ( নয় ) ছটাক রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট বাস্তু জমি যায় তদুপরিস্থিত গৃহাদির অন্দরে প্ল্যান মোতাবেক ৫ (পাঁচ) কাঠা ৩ ( তিন ) ছটাক ৩৭ ( সাঁইত্রিশ ) বর্গফুট বাস্তু জমি যায় তদুপরিস্থিত জীর্ণ ও পুরাতন আর. টি. শেড ও আর. টি. শেডের অংশ যাহা অত্রসহ দাখিলী ও দলিলের একাংশীভূত নকসায় ' লাল ' রঙের বর্ডার দ্বারা রঞ্জিত ও সীমা চিহ্নিত ও যায়

পর পৃষ্ঠা-( ৪ )

ANAND INDUSTRIES
Kouhaiyalal Kundu

ANAND INDUSTRIES



যাবতীয় ও সর্ব্ব প্রকার ইজমেন্ট রাইটের স্বত্বাদি সহ নিম্ন তপশীলে বিশদ ভাবে বর্ণিত দরবস্তু হক হকুক বিক্রীত সম্পত্তি হইতেছে।

নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তি সহ আরো অপরাপর সম্পত্তি জনৈক ধর্মদাস ঘোষ মহাশয় তদানীন্তন জমিদার ও মালিক সাধন চন্দ্র আরুর নিকট হইতে সন ইংরাজীর ১৮৯৫ সালের ১০ই জুন তারিখে বন্দোবস্ত লইয়া ভোগ দখলীকার থাকাবস্থায় পরলোক গমন করিলে তাহার শেষ উইলের ইচ্ছানুসারে তাঁহার পত্নী শ্রীমতী রানী বালা দাসী হাওড়া এ্যাডিসন্যাল আদালতে ইংরাজী সন ১৯৩১ সালের ১৫ নং প্রবেট কেস আনয়নে উক্ত ধর্মদাস ঘোষ ত্যক্ত শেষ উইলের যথারীতি প্রবেট গ্রহণে তৎত্যক্ত সমগ্র সম্পত্তির মালিক হইয়া ভোগ দখলকারিনী থাকাবস্থায় সন ইংরাজীর ১৯৪০ সালে জনৈক রঘুবীর সিং-কে ৫ (পাঁচ) কাঠা ১৩ ( তের ) ছটাক এবং জনৈক কমলা প্রসাদ সিং-কে ৫ (পাঁচ) কাঠা সম্পত্তি বিক্রয় করেন এবং অবশিষ্ট সম্পত্তি কমিবেশী ১ ( এক ) বিঘা ১০ ( দশ ) কাঠা ৯ ( নয় ) ছটাক ২৯ ( উনত্রিশ ) বর্গফুট সম্পত্তি বিগত ইংরাজীর ১২.০৮.১৯৪২ তারিখে জনৈক উদয়রাম পাঠক-কে বিক্রয় করিয়া উক্ত সম্পত্তি হইতে চিরনি:স্বত্ববতী ও দখলচ্যুত হয়েন। পশ্চাতে উক্ত শ্রী উদয়রাম পাঠক তাঁহার খরিদা সম্পত্তি নগদ টাকার প্রয়োজনে ১৯ নং গোশালা রোড নিবাসী শ্রী কমল পদ সেন মহাশয়কে বিগত

প্রদীপ

পর পৃষ্ঠা-( ৫ )

ANAND INDUSTRIES
Kanhaiya Lal Kejriwal

ANAND INDUSTRIES
সুমতি দেবী কেজরিওয়াল

( ৫ )

ইংরাজীর ৭.৮.১৯৪৪ তারিখে সম্পাদিত ও হাওড়া সদর জয়েন্ট সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বুক নং-১, ভল্যুয়ম নং- ২৩, পাতা-৮৩ হইতে ৮২, বিয়িং নং- ১১১৩, ফর দ্যা ইয়ার ১৯৪৪ নম্বরে লিপিবদ্ধ একেতা সাফ বিক্রয় কোবালা মূলে বিক্রয় করিয়া চিরনি:স্বত্ব ও দখলচ্যুত হইলে উক্ত কমল পদ সেন খরিদা সূত্রে মালিক, স্বত্ববান ও দখলীকার থাকাবস্থায় রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপে নিজ নাম রেকর্ড করাইয়া লয়েন ও পশ্চাতে বিগত ইংরাজীর ০৬.০৫.১৯৬৬ তারিখে সম্পাদিত ও হাওড়া সদর জয়েন্ট সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বুক নং- ১, ভল্যুয়ম নং- ৪৪, পাতা - ১ হইতে ৬, বিয়িং নং- ১৮৫১, ফর দ্যা ইয়ার ১৯৬৬ নম্বরে লিপিবদ্ধ একেতা প্ল্যান প্রদর্শিত সাফ বিক্রয় কোবালা দলিল মূলে মোট ৫ (পাঁচ) কাঠা ১০ (দশ ) ছটাক ৮ (আট) বর্গফুট সম্পত্তি জনৈক শ্রী ধনপতি ঘোষ মহাশয়কে বিক্রয় করিলে তিনি খরিদ সূত্রে একক স্বত্ববান মালিক ও দখলীকার হইয়া অন্যের বিনাপত্তে ও নির্ব্বিবাদে, নির্ব্যূঢ় স্বত্বে পরমসুখে ভোগ দখল করিতে থাকেন। বক্রী সম্পত্তির মধ্য হইতে ৫ (পাঁচ) কাঠা জমি ঐ একই তারিখে সম্পাদিত ও ঐ একই অফিসে রেজিষ্ট্রীকৃত বুক নং-১, ভল্যুয়ম নং- ২৯, পাতা-২৫৫ হইতে ২৫৯, বিয়িং নং- ১৮৫২, ফর দ্যা ইয়ার ১৯৬৬ নম্বরে লিপিবদ্ধ একেতা প্ল্যান প্রদর্শিত সাফ বিক্রয় কোবালা দ্বারা গণপতি ঘোষ মহাশয়ের

প্রদীপ

পর পৃষ্ঠা-( ৬ )

নিকট বিক্রয় করেন। অবশিষ্ট ১৯ ( উনিশ ) কাঠা ১৫ ( পনের) ছটাক ২১ ( একুশ ) বর্গফুট জমি উল্লিখিত কমলা পদ সেন তাঁহার নিজ খাসে রাখিয়া ভোগ দখলীকার থাকাবস্থায় বিগত ইংরাজীর ২৫.৭.১৯৬৭ তারিখে সম্পাদিত ও হাওড়া সদর জয়েন্ট সাব-রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত বুক নং-১, ভল্যুয়ম নং- ৬২, পাতা- ২৫৩ হইতে ২৫৭, বিয়িং নং- ৩১৩৬, ফর দ্যা ইয়ার ১৯৬৭ নম্বরে লিপিবদ্ধ একেতা প্ল্যান প্রদর্শিত সাফ বিক্রয় কোবালা দ্বারা চিহ্নিত ভাবে ৮ ( আট ) কাঠা জমি গণপতি ঘোষ ও বিনয় কুমার ঘোষের নিকট বিক্রয় করেন ও পশ্চাতে কমন প্যাসেজের জমি বাদে বক্রী অবশিষ্ট ১০ (দশ ) কাঠা জমি বিগত ইংরাজীর ২৬.১১.১৯৭০ তারিখে সম্পাদিত ও হাওড়া সদর জয়েন্ট সাব-রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত বুক নং- ১, ভল্যুয়ম নং- ৬৮, পাতা - ১৩৫ হইতে ১৩৯, বিয়িং নং- ৩৫৭১, ফর দ্যা ইয়ার ১৯৭০ একেতা সাফ বিক্রয় কোবালা দ্বারা শ্রী সলিল কুমার ঘোষ মহাশয়কে বিক্রয় করিয়া নিঃস্বত্ববান ও দখলচ্যুত হয়েন। শ্রী গণপতি ঘোষ মহাশয় তাঁহার স্ত্রী ললিতা ঘোষ ও দুই নাবালক পুত্র আনন্দ ঘোষ ও সৌমিত্র ঘোষকে ওয়ারিশান রাখিয়া পরলোক গমন করেন। পশ্চাতে শ্রী ধনপতি ঘোষ, গণপতি ঘোষের ওয়ারিশানগণ অর্থাৎ স্ত্রী ও দুই নাবালক পুত্র এবং সলিল কুমার ঘোষ একযোগে তাঁহাদের সম্পত্তি বিক্রয় করিতে

পর পৃষ্ঠা-( ৭ )

( ৭ )

ঘোষণা করিলে আমরা বিক্রেতাগণ আমাদের পার্টনারশিপ ফার্ম মেসার্স আনন্দ ইন্ডাস্ট্রীস-এর নামে তৎকালীন বাজারোচিত মূল্যে সন ইংরাজীর ১৯৭৫ সালের ৮ই সেপ্টেম্বর তারিখে সম্পাদিত এবং ঐ তারিখে হাওড়া ডিস্ট্রিক্ট সাব-রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত বুক নং- ১, ভল্যুয়ম নং- ১১৬, পাতা ৩৭ হইতে ৪৬, বিয়িং নং- ৪৪৯৮, ফর দ্যা ইয়ার ১৯৭৫ নম্বরে লিপিবদ্ধ এককেতা সাফ বিক্রয় কোবালা মূলে প্ল্যান প্রদর্শিত ১১ ( এগার ) কাঠা ৯ ( নয় ) ছটাক সম্পত্তি খরিদ করিয়া খরিদাবধি ও দ্বাদশ বৎসরের বহু উর্দ্ধকাল যাবৎ তথায় ব্যবসা পরিচালনে, সম্পত্তির উন্নতি সাধনে ও গৃহাদি নির্মাণে স্থানীয় বালি মিউনিসিপ্যালিটিতে নাম পত্তনে ও ট্যাক্সাদি আদায় দিয়া এবং হাল সেটেলমেন্ট জরিপে নাম রেকর্ডভুক্ত করাইয়া অন্যের বিনাপত্তে, নির্ব্বিবাদে, খাসে ভোগ দখলীকার আছি। বর্ত্তমানে ব্যবসার প্রয়োজনে ও আমাদের উক্ত নামীয় কারবার অন্যত্র স্থানান্তরের অভিপ্রায়ে নগদ অর্থের প্রয়োজনহেতু মোট খরিদা সম্পত্তি ১১ ( এগার ) কাঠা ৯ ( নয় ) ছটাকের মধ্যে অত্র দলিল সম্বলিত ও প্ল্যান প্রদর্শিত ৫ (পাঁচ ) কাঠা ৩ (তিন ) ছটাক ৩৭ ( সাঁইত্রিশ ) বর্গফুট বাস্তু জমি সায় তদুপরিস্থিত গৃহাদি বিক্রয় করিতে ইচ্ছুক হইয়া ঘোষণা করিলে আপনি ক্রেতা তাহা অবগত হইয়া এককালীন কোং তিন লক্ষ তের হাজার দুই শত পঞ্চাশ ) টাকায় খরিদ

পর পৃষ্ঠা-( ৮ )

ANAND INDUSTRIES

ANAND INDUSTRIES

ANAND INDUSTRIES

ANAND INDUSTRIES
Partner

ANAND INDUSTRIES
Partner



করিবার প্রস্তাব করায় আমরা অংশীদারগণ তাহা সর্ব্বোচ্চ বাজার মূল্য থাকা স্বীকারে আপনাকে বিক্রয় করিতে সম্মত হইয়া পণ মূল্যে উল্লিখিত সমুদয় টাকা নিম্ন জায়মত বুঝিয়া পাইয়া মূল্যের টাকার দায় হইতে চিরতরে অব্যহতি দিয়া অত্র সাফ বিক্রয় কোবালা সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিয়া স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে, তপশীল লিখিত বিক্রীত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আপনাকে বিক্রয় করিয়া অদ্য হইতে বিক্রীত সম্পত্তি হইতে আমরা চিরনি:স্বত্ববান, নি:স্বত্ববতী, দখলহীন ও দখলহীনা হইলাম। আমাদের যাহা কিছু স্বত্ত্ব স্বামিত্ব, হক-হকিয়ৎ, দখল, অধিকার বা লভ্যাদি ছিল তাহা অদ্য হইতে আমা হইতে রদ ও রহিত হইয়া আপনাতে বর্ত্তাইল। আপনি অদ্য হইতে নিম্ন তপশীল লিখিত বিক্রীত সম্পত্তিতে আমাদের যাবতীয় ও উৎকৃষ্ট স্বত্বে স্বত্ববতী হইয়া দান, বিক্রয়, রেহেনাদি ও সর্ব্ব প্রকার হস্তান্তর যোগ্য স্বত্বের মালিক ও দখলকারিনী হইয়া সম্পত্তির বহুতর উন্নতি সাধনে ও যথেচ্ছ গৃহাদি নির্মাণে তথা ইলেকট্রিক কানেকশান, টেলিফোন লাইন, মিউনিসিপ্যাল জল ও অন্যান্য যাবতীয় ও প্রয়োজনীয় দ্রব্যাদি আনয়নে বালি মিউনিসিপ্যালিটিতে ও পশ্চিম বঙ্গ সরকারে সাবেক নাম খারিজে নিজ নাম পত্তনে ধার্য্যকৃত ট্যাক্স ও খাজনাদি আদায় দিয়া পুত্র পৌত্রাদি, ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে

পর পৃষ্ঠা-( ৯ )

কেহ কস্মিনকালে কোন প্রকার ওজরাপত্তি বা দাবি দাওয়া করিতে পারিব না বা পারিবে না এবং করিলেও তাহা সর্ব্বত্র ও সর্ব্ব আদালতে বাতিল, অগ্রাহ্য ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে।

বিক্রীত সম্পত্তি কোন ডিক্রী মূলে ক্রোকাধীন নাই বা কাহারো জামিনের জন্য আবদ্ধ নাই। উহাতে কোন কর্জ নাই বা কাহারো নিকট দায়াবদ্ধ নাই, কোনরূপ লীজ দ্বারা আবদ্ধ করি নাই, ইতিপূর্বে কাহাকেও বিক্রয় করি নাই বা বিক্রয় করিবার চুক্তি করি নাই অথবা ল্যান্ড এ্যাকুইজিশান বা অন্য কোন এ্যাক্ট অনুসারে এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। আমাদের স্বত্ব দখলের দোষে ভবিষ্যতে আপনার খরিদা স্বত্বে কোন প্রকার বাধা বিঘ্ন সৃষ্টি হইলে অথবা কোনরূপ ত্রুটি কতা প্রকাশ পাইলে আমরা মায় ওয়ারিশানগণক্রমে তাহা অপসারণে বাধ্য রহিলাম মায় পণ মূল্যের সম্যক টাকা ফেরত দিতেও দায়িক রহিলাম। অত্র কোবালায় কোন ভুল বা ভ্রান্তি প্রকাশ পাইলেও তাহার সংশোধনের প্রয়োজন হইলে তাহাও বিনা পণে সংশোধন দলিল করিয়া দিতে বাধ্য রহিলাম। কোবালায় লিখিত যাবতীয় শর্তে আমরা মায় ওয়ারিশানগণক্রমে বাধ্য রহিলাম ও অদ্যই খাস দখল দিলাম।

এতদর্থে, সুস্থ শরীরে, সরল অন্তঃকরণে, অন্যের বিনা বাধায়, বিনা প্ররোচনায়, বিনা অনুরোধে, সজ্ঞানে, ইহা পড়িয়া বা পড়াইয়া

পর পৃষ্ঠা-( ১০ )

তাহা শুনিয়া এবং বুঝিয়া অত্র কোবালার মর্ম সকল সম্যক অবগত হইয়া পণ মূল্যে লিখিত সমুদয় টাকা নিম্ন জায়মত সাক্ষীগণ সমক্ষে বুঝিয়া পাইয়া অত্র সাফ বিক্রয় কোবালা আপনার নাম বরাবর নিজ নিজ নাম সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিয়া খাস দখল দিলাম। ইতি তারিখ-বাংলার ১৪০৫ সালের ৭ই আশ্বিন ও ইংরাজী ১৯৯৮ সালের ২৪শে সেপ্টেম্বর।

-: তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় :-
****************************

জেলা হাওড়া, ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রী অফিস ও এ্যাডিসন্যাল ডিষ্ট্রিক্ট সাব-রেজিষ্ট্রী অফিস হাওড়া, থানা সাবেক বালি, হাল থানা লিলুয়ার অধীন বালি মিউনিসিপ্যাল এলাকাধীন ২২ নং ওয়ার্ডে অবস্থিত সাবেক ১০।২ নং, ১০ নং ও ১০।১ নং গুহ পার্ক হোল্ডিংভুক্ত বর্তমানে ২২ নং গুহ পার্ক হোল্ডিংভুক্ত যাহা মৌজা লিলুয়া গ্রামে ১২ নং জে. এল. ভুক্ত রিভিসন্যাল সেটেলমেন্টের ৩৭৪ ( তিন শত চুয়াত্তর ) নং খতিয়ানে, ১৭৯০ ( এক হাজার সাত শত নব্বই ) নং দাগে হাল সেটেলমেন্টে উল্লিখিত পি-৪৭৮৮ ( পি-চার হাজার সাত শত অষ্টাশি ) নং খতিয়ানে লিখিত ১৭৯০ ( এক হাজার সাত শত নব্বই ) নং দাগে কমিবেশী ১৯ ( উনিশ ) শতক বা ১১ ( এগার ) কাঠা ৯ ( নয় ) ছটাক রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট বাস্তু জমি মায় তদুপরিস্থিত গৃহাদির অন্দরে প্ল্যান

পর পৃষ্ঠা-( ১১ )

ANAND INDUSTRIES
Kanhaiya Lal Kheradiwal
ANAND INDUSTRIES
কানাইয়া লাল খেরাদিওয়াল



মোতাবেক মাপসুরত ৫ (পাঁচ) কাঠা ৩ ( তিন ) ছটাক ৩৭ ( সাঁইত্রিশ ) বর্গফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত জীর্ণ ও পুরাতন আর. টি. শেড ও আর. টি. শেডের অংশ যাহা অত্রসহ দাখিলী ও দলিলের একাংশীভূত নকসায় ' লাল ' রঙের বর্ডার দ্বারা রঞ্জিত ও সীমা চিহ্নিত ও মায় যাবতীয় ও সর্ব্ব প্রকার ইজমেন্ট রাইটের স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক বিক্রীত সম্পত্তি হইতেছে । ইহার হারাহারি বার্ষিক খাজনা ২.০০ টাকা মাত্র হাল পশ্চিম বঙ্গ সরকার পক্ষে হাওড়া কালেক্টারীতে আদায় দিতে হয় ।

-: ইহার চৌহদ্দি :-
*************

উত্তরে :- আমাদের অত্র হোল্ডিংয়ের অবশিষ্ট সম্পত্তি যাহা অদ্যকার তারিখে শ্রী সুকুমার চন্দ্র জানা-কে বিক্রীত সম্পত্তি ।

দক্ষিণে :- তিন তলা বাটী এবং দীপক রাবার ইন্ডাস্ট্রীস-এর সম্পত্তি ।

পূর্ব্বে :- বাউন্ডারী ওয়াল পার যশকরণ জৈন -এর জমি ও বাটী ।

পশ্চিমে :- ১২'-0'' চওড়া গুহ পার্ক নামক রাস্তা ।

-: তপশীল , টাকার জমা :-
*********************

প্রদীপ

গ্রীণলেজ ব্যাংক, ৪১, চৌরঙ্গী রোড, কলিকাতা শাখার উপর মেসার্স আনন্দ ইন্ডাস্ট্রীস এর নাম বরাবর ২২.০১.১৯৯৮ তারিখের এ্যাকাউন্ট পেয়ী ডিমান্ড পে নং- ১৪৫৭৪৬ মারফৎ প্রদেয় ....... ৩,১৩,২৫০.০০ টাকা

তিন লক্ষ তের হাজার দুই শত পঞ্চাশ টাকা মাত্র ।

পর পৃষ্ঠা-( ১২)

( ১২ )

অত্র দলিলে মোট তিন জন সাক্ষী রহিল।

ANAND INDUSTRIES
Kanhaiya Lal Khaitan

অত্র দলিলের খসড়া প্রস্তুত কারক :-

প্রদীপ কুমার ভৌমিক,
এ্যাডভোকেট
সিভিল কোর্ট, হাওড়া।

টাইপ কারক :-
গোপী বল্লভ জানা
হাওড়া কোর্ট।

ইসাদি :-

1 Om Prakash Mohta
1/1/2 Rabindra Sarani
Liluah Howrah.

2. Parshu nath Ghosh
22. Netaji Subash Road
Liluah How

3. [illegible]
[illegible]
লিলুয়া 2/3/57

Registered On ... Day
In Book No. I
Volume No. 96
Page 6 162
Being No. 4355
for the Year 1998

Additional District
Sub-Registrar, Howrah

Additional District
Sub-Registrar, Howrah
13/10/98

DEED SITE PLAN SHOWING PART OF C.S.
D NEW P-4788 IN MOUZA-LILUAH, P.S: LILUAH, J.L.
:HOWRAH BEING MUNICIPAL HOLDING No. 22 GUHA PARK
No. 22 (LILUAH) OF BALLY MUNICIPALITY.

:- 1 INCH = 30 FT.

RENCE :-

D LAND SHOWN IN RED BORDERED PORTION ONLY.

L AREA OF SOLD LAAND = K-CH-SFT.
5-3-37
(MORE OR LESS)

NAME OF VENDEE.

SMT. MAYURAKSHI JANA.

NATURE OF VENDORS:-


ANAND INDUSTRIES.

ANAND INDUSTRIES

Kanhaiya Lal Khaitan

ANAND INDUSTRIES

PARTNER




DRAWN BY-
K.N. MUKHERJEE.
DRAFTSMAN-OVERSEAR
ENGG. BURDWAN.